সমকাল

তারিখ 13 DEC 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

# ভর্তি পরীক্ষায় পাসের হার ৭৪ শতাংশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত ঢাকার সাত সরকারি কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক ও পাস কোর্সে ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। তিনটি ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে সম্মিলিতভাবে ৭৪ দশমিক ১৪ শতাংশ পাস করেছেন। গতকাল মঙ্গলবার ঢাবি উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক মো. আখতারুজ্জামান এ ফল প্রকাশ করেন। প্রকাশিত ফলে দেখা যায়, কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের অধীনে ১৯ হাজার ৬০৩ জন ভর্তি পরীক্ষার্থী অংশ নেন। এর মধ্যে পাস করেন ১৩ হাজার ৭০৫ জন। পাসের হার ৬৯ দশমিক ৯১ শতাংশ। বিজ্ঞান ইউনিটের অধীনে অংশ নেন ২০ হাজার ৩৩১ জন। পাস করেন ১৪ হাজার ৭৫২ জন, যার হার ৭২ দশমিক ৫৬ শতাংশ। বাণিজ্য ইউনিটের অধীনে ১৮ হাজার ৩১৫ জন অংশ নিয়ে পাস করেন ১৪ হাজার ৬৪৪ জন। পাসের হার ৭৯ দশমিক ৯৬ শতাংশ। ফল-সংক্রান্ত বিস্তারিত তথ্য www.7college.du.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

ভর্তি কার্যক্রম শেষে আগামী ১৪ জানুয়ারি থেকে সাত কলেজে ক্লাস শুরু হবে বলে জানান উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান। ফল প্রকাশ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাত কলেজের সমন্বয়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, কলা অনুষদের ডিন অধ্যাপক আবু মো. দেলোয়ার হোসেন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মোহাম্মদ আবদুল আজিজ, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মো. ইমদাদুল হকসহ অধিভুক্ত কলেজের অধ্যক্ষরা।